



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

মানুষকে তুষারের মত হতে হবে

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

মাশাআল্লাহ, আল্লাহ্কে ধন্যবাদ যে অনেক তুষারপাত হয়েছে। সব জায়গায় সাদা। এটি দেখতে মানবজাতির মত যা প্রথমে পরিচ্ছন্ন ছিল এবং পাপ করতে করতে তারা ময়লা হচ্ছে, মেটে হচ্ছে। তুষার এখন সাদা এবং যখন তুষারপাত হয় তখন প্রথমে তা খুবই সুন্দর থাকে কিন্তু যত রাস্তার পাশে কাদা ছিটকায়, সেই তুষার কালো হয় এবং একটি বিশ্রী দৃশ্যের সৃষ্টি হয়।

মানুষের গুনাহও একই রকম। তা মানুষকে বিশ্রী করে দেখায় এবং সে সৌন্দর্য হারিয়ে যায়। তবুও আল্লাহ্ মানুষের উপর দয়াময়। তিনি বলেন, "তাওবা কর এবং ক্ষমা চাও এবং তুমি আবারও সাদা থেকেও সাদা হবে এবং অত্যন্ত পরিষ্কার হবে"। তুমি সন্ধ্যা পর্যন্ত ময়লা হও। আবারও রাতে তাওবা কর এবং ক্ষমা প্রার্থনা কর এবং আবারও তুমি সাদার থেকেও সাদা এবং সুন্দর হয়ে যাবে।

তাই গুনাহ এবং ভুলগুলো অনিষ্ট, নোংরামি এবং কুৎসিত ছাড়া আর কিছুই নয়। শয়তান মানুষদের বোকা বানায় এবং খারাপ জিনিসগুলোকে সুন্দর দেখায়, ভালো দেখায়। যদিও সেগুলো, যেমন আমরা এখন দেখতে পাচ্ছি, শুধুই কুৎসিত এবং নোংরামি। আর কিছুই নয়। এটাই বাস্তবতা।

আল্লাহ্ আমাদের পরিশোধনের সুযোগ দিয়েছেন। তোমরা তাওবার দ্বারা পরিচ্ছন্ন হতে পারো এবং ক্ষমা প্রার্থনার দ্বারা। ইনশাআল্লাহ, আমরা যেন সবসময় পরিচ্ছন্ন থাকি। আমরা যেন সবসময় আল্লাহর দিকে ফিরি, তাওবা করি এবং ক্ষমা চাই যেন আমরা সুন্দর মানুষে পরিণত হতে পারি, যেন আমরা পরিশুদ্ধ মানুষে পরিণত হতে পারি ইনশাআল্লাহ।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১২ জানুয়ারী ২০১৭/১৪ রাবিউল আখির ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।